

যুগান্তর

প্রিন্ট: ২৯ অক্টোবর ২০২৫, ০৯:২৪ এএম


ক্যাম্পাস

জুলাই আন্দোলনে হামলায় জড়িতদের তথ্য চেয়েছে কুবি প্রশাসন



কুবি প্রতিনিধি

প্রকাশ: ২৮ অক্টোবর ২০২৫, ১০:২৭ পিএম



কুমিল্লা বিশ্ববিদ্যালয় লোগো। ছবি: যুগান্তর

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪ সালের জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী আন্দোলনে শিক্ষার্থী ও আন্দোলনকারীদের ওপর হামলার ঘটনায় জড়িতদের তথ্য চেয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

মঙ্গলবার (২৮ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়- জুলাই অভ্যুত্থানের বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বা আন্দোলনকারীদের হত্যার হুমকি, জখম, নির্যাতন-নিপীড়ন, চিকিৎসা গ্রহণে বাধা, ধর্ষণের হুমকিদাতা ও উস্কানিদাতা হিসেবে জড়িতদের বিষয়ে তথ্য প্রদানে আগ্রহীদের আগামী ১০ কর্মদিবসের মধ্যে প্রক্টর, কুমিল্লা বিশ্ববিদ্যালয় বরাবর তথ্য প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, জুলাই-আগস্ট গণঅভ্যুত্থানে শিক্ষার্থীদের ওপর আওয়ামীপন্থি বিশ্ববিদ্যালয় প্রশাসন ও কিছু শিক্ষকদের মদদে, শিক্ষার্থীদের ওপর হামলা করে ছাত্রলীগ ও কর্মকর্তা-কর্মচারীরা। হামলার সঙ্গে জড়িতদের শনাক্ত করতে ২০২৫ সালের ২৮ এপ্রিল একটি তদন্ত কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।